

## প্রেস রিলিজ

“স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব এ. এফ. হাসান আরিফ মহোদয়ের সাথে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাদের মতবিনিময়”

তারিখঃ ১১ আগস্ট ২০২৪

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব এ. এফ. হাসান আরিফ মহোদয়ের সাথে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণ মতবিনিময় করেন। মতবিনিময় অনুষ্ঠানে ৫২ এর ভাষা আন্দোলন, ৭১ এর মহান মুক্তিযুদ্ধ এবং ২০২৪ সালে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত শহীদদের স্মরণে শোক প্রদর্শন ও এক মিনিট দাঁড়িয়ে নিরবতা পালন এবং শহীদদের বুহের মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

এসময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের সচিব এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব। এ সভায় আরো উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ এবং স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় মাননীয় উপদেষ্টা বলেন যে, সংবিধানের আলোকে মন্ত্রণালয়সমূহকে প্রশাসনিক দায়িত্ব পালন করতে হবে। প্রশাসনের সকল স্তরে আইনের শাসন নিশ্চিত করতে হবে। তিনি সরকারি আইন ও বিধি-বিধানের আলোকে ভবিষ্যতের উন্নয়ন ও কল্যাণের দিক বিবেচনা করে প্রশাসনিক দায়িত্ব সঠিকভাবে পরিচালনার উপর গুরুত্বারূপ করেন।

তিনি আরো উল্লেখ করেন যে, জনগণের আশা আকাঞ্চ্ছার প্রতি খেয়াল রেখে আরো স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দায়িত্ব পালন করতে হবে। স্থানীয় সরকার বিভাগের দায়িত্ব গ্রাম-গঞ্জ পর্যন্ত বিস্তৃত বিধায় মন্ত্রণালয়ের কার্যক্রমে কোন স্থিবরতা না করে গতি সঞ্চার এবং প্রত্যাশা পূরণের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। তিনি মন্ত্রণালয়ের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।

স্বাক্ষরিত/-

১১/০৮/২০২৪

প্রত্যয় হাসান

সিনিয়র সহকারী সচিব

স্থানীয় সরকার বিভাগ

